52

দৈনিক ইত্তেফাক

তারিখ 08 JUL 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

# পৃথক শিক্ষা বোর্ডের দাবীতে আগামীকাল চট্টগ্রামে হরতাল আহ্বান

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রামে পৃথক শিক্ষাবোর্ড স্থাপনের দাবীতে আগামীকাল শনিবার চট্টগ্রামে অর্ধদিবস হরতাল আহ্বান করা হইয়াছে। বৃহত্তর চট্টগ্রাম উন্নয়ণ

(২য় পৃ: ২-এর ক: দ্র:)

## পৃথক শিক্ষা বোর্ড

( ১ম পৃ: পর )

গণসংগ্রাম কমিটি এই হরতালের ডাক দিয়াছে। বৃহত্তর চট্টগ্রাম উন্নয়ন ছাত্র সংগ্রাম কমিটি, বাংলাদেশ মোটর পার্টস ও টায়ার টিউব ব্যবসায়ী সমিতি-সহ বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংগঠন হরতালের প্রতি সমর্থন জানাইয়া পৃথক বিবৃতি প্রদান করিয়াছে।

এদিকে চট্টগ্রাম উন্নয়ন ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ গতকাল বৃহস্পতিবার চট্টগ্রামে পৃথক শিক্ষা বোর্ডের দাবীর যৌক্তিকতা বিষয়ে মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীর সহিত এক বৈঠকে মিলিত হয়। মেয়র চট্টগ্রামের জন্য পৃথক শিক্ষা বোর্ডের দাবীকে যুক্তিসঙ্গত উল্লেখ করিয়া নিয়মতান্ত্রিক পর্যায় জনমত সংগঠিত করার আহ্বান জানান। তিনি আগামীকাল আহূত হরতাল প্রত্যাহারের জন্য ছাত্র নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানান।

অপরদিকে চট্টগ্রাম নাগরিক কমিটির যুগ্ম-আহ্বায়ক দৈনিক আজাদী সম্পাদক অধ্যাপক মোহাম্মদ খালেদ ও বিশিষ্ট আওয়ামী লীগ নেতা আবদুল্লাহ আল হারুন এক যুক্ত বিবৃতিতে আগামীকালের হরতাল সম্পর্কে তাহাদের কমিটির কোন ভূমিকা নাই বলিয়া উল্লেখ করেন।